

৪৪

দৈনিক সংবাদ

তারিখ ... 23 AUG 1995 ...  
পৃষ্ঠা ৫ কলাম ৪

সাতক্ষীরার আশাশুনি থানা

## পানিবন্দি ২০টি স্কুলের ৫ হাজার ছাত্রছাত্রীর লেখাপড়া ৩ মাস ধরে বন্ধ রয়েছে

মিজানুর রহমান ॥ সাতক্ষীরা, ২২শে আগস্ট।- সাতক্ষীরার আশাশুনি থানার বন্যাকবলিত প্রায় ২০টি স্কুলের ছাত্রছাত্রীদের লেখাপড়া ৩ মাস ধরে বন্ধ রয়েছে। ডুবে থাকা ৩০টি গ্রামের এ সকল ছাত্রছাত্রী এখন স্কুলে যায় না। জলবন্দি ও বিধ্বস্ত স্কুলগুলোর প্রায় ৫ হাজার ছাত্রছাত্রী গত ৩ মাস ধরে অন্যের বাড়িতে, ভেড়িবীধে বসে দিন কাটাচ্ছে। গত ১৬ই মে আশাশুনি থানার বলাবাড়িয়া পানি উন্নয়ন বোর্ডের ভেড়িবীধ ডেও গেলে প্রথমে ১টি ও পরে আরও ১টি ইউনিয়ন ডুবে যায়। আশাশুনি সদর ও শ্রীউলা ইউনিয়নের ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫টি রেজিস্টার্ড ও ২টি মাধ্যমিক বিদ্যালয় পানিতে ডুবে রয়েছে। এই ডুবে থাকা অনেক বিদ্যালয় হয়েছে বিধ্বস্ত। এছাড়া শ্রীউলা, মহিষকুড়, দয়ারখাট, শীতলপুরসহ সবদালপুর স্কুলে বন্যাত গ্রামবাসীরা আশ্রয় নেয়ার এ সকল স্কুলেও লেখাপড়া বন্ধ রয়েছে। ইতিমধ্যে থানা প্রাথমিক শিক্ষা অফিস থেকে জলবন্দি ও বিধ্বস্ত স্কুলগুলোর কার্যক্রম বন্ধ থাকার রিপোর্ট উর্ধ্বতন বিভাগে পাঠানো হয়েছে। এ সকল স্কুলে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। একটি দায়িত্বশীল সূত্র সংবাদকে জানান, বন্যাকবলিত এই থানার ৩০টি গ্রামের প্রায় ২০টি স্কুলের কার্যক্রম বন্ধ থাকায় আসন্ন দ্বিতীয় সাময়িক ও বার্ষিক পরীক্ষার বিষয়টিও অনিশ্চিত হয়ে পড়েছে। ইতিমধ্যে পানি উন্নয়ন বোর্ডের পক্ষ থেকে ভেড়িবীধ মেরামতের জন্য দু'টি প্রকল্প দাখিল করা হলেও উর্ধ্বতন বিভাগ থেকে প্রকল্প অনুমোদন পায়নি। সূত্রমতে আসন্ন শুকনো মৌসুমের আগে এই বীধ মেরামতের পদক্ষেপ নেয়া হচ্ছে না বিধায় এখনও কয়েক মাস পানিবন্দি অবস্থায় থাকতে হচ্ছে ৩০টি গ্রামের ২৫ হাজার পরিবারকে। ফলে এসকল পরিবারের প্রায় ৫ হাজার ছেলেমেয়ের লেখাপড়ার ভবিষ্যৎও হয়ে পড়েছে অনিশ্চিত।